গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

**বিষয় : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০/১২/২০১৮ খ্রি.তারিখে অনুষ্ঠিত ১৫তম সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সত্যব্রত সাহা<br>মহাপরিচালক (ভারপ্রাপ্ত সচিব)<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| সভার তারিখ | : | ২০/১২/২০১৮ খ্রি. |
| সময় | : | সকাল ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | বোর্ডের সভা কক্ষ। |

সভায় কর্মকর্তাগণের উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভার কার্যপত্র উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন)-কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

০৩। পরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন যে, বোর্ডের ২৫/১০/২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১৪তম সমন্বয় সভার কার্যবিবরণী বোর্ডের সকল কর্মকর্তাগণের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর সংশোধন/সংযোজন সম্পর্কে কোন মন্তব্য পাওয়া যায়নি। এ বিষয়ে আলোচনান্তে সর্বসম্মতভাবে কার্যবিবরণীটি নিশ্চিত (Confirm) করা হয়।

০৪। পরিচালক (প্রশাসন) সভায় ২৫/১০/২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১৪তম সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি এবং আলোচ্যসূচি অনুযায়ী অন্যান্য বিষয় উপস্থাপন করেন। সভার আলোচনা ও সিদ্ধান্তের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো :

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১। | বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ | পরিচালক (প্রশাসন) সভায় উল্লেখ করেন যে, চট্টগ্রামে অবস্থিত কমিউনিটি সেন্টারের স্থানে নতুনভাবে বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে ফ্লোরভিত্তিক পরিকল্পনা প্রতিস্বাক্ষর করে ১৯/০৯/২০১৭ খ্রি. তারিখে স্থাপত্য অধিদপ্তরে প্রেরণ করা হয়। স্থাপত্য অধিদপ্তরকে নকশা প্রণয়ন করে বোর্ডের নিকট হস্তান্তর করার জন্য পুনরায় তাগিদ পত্র দেওয়া হয়েছিল। স্থাপত্য অধিদপ্তর থেকে কোন সাড়া না পেয়ে নিজস্ব তত্ত্বাবধানে নকশা তৈরির জন্য আউটসোর্সিং কোম্পানির সাথে যোগাযোগ করা হলে ৩৫-৪০ লক্ষ টাকা বাজেট লাগবে মর্মে জানানো হয়। | **বোর্ডের চট্টগ্রাম কমিউনিটি সেন্টারের স্থানে বহুতল ভবন নির্মাণের জন্য নকশা প্রণয়নের বিষয়ে আউটসোর্সিং এর চাহিত বাজেটের মাধ্যমে নিজস্ব তত্ত্বাবধানে নকশা তৈরি করতে হবে।** | ১। পরিচালক (উন্নয়ন) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়।<br>২। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম। |
| | | সভায় আরও অবহিত করা হয় যে, চট্টগ্রামস্থ কমিউনিটি সেন্টারটি PWD এর নামে রয়েছে। জায়গাটির মালিকানা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নামে আনার জন্য ভূমি অফিসের মাধ্যমে খারিজ করা যেতে পারে। | চট্টগ্রামস্থ PWD এর জায়গাটি বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নামে খারিজ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | খুলনা কল্যাণ কেন্দ্রের (অডিটরিয়াম) সংস্কারপূর্বক ব্যবহার উপযোগী করতে এবং ভবনের পাশের জমিতে পরিকল্পিতভাবে দোকানঘর নির্মাণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | **খুলনায় নির্মিতব্য ভবনের নক্সা ও প্রাক্কলন দ্রুত পাঠাতে হবে।** | |

Scanned by CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০২। | মাসিক কল্যাণ ভাতার কার্ডভিত্তিক হিসাব ব্যাংক ও বোর্ডের প্রধান এবং বিভাগীয় কার্যালয়সমূহের রিকনসাইল করে সমন্বয় করা | সভায় অবহিত করা হয় যে, সোনালী ব্যাংক রমনা কর্পোরেট শাখা তাদের সংশ্লিষ্ট সকল শাখা হতে মেয়াদোত্তীর্ণ আদেশনামা দ্রুত ফেরত দিবে এবং ২০০৬ থেকে ২০১৮ পর্যন্ত হিসাব রিকনসাইলের কাজ আগামী জুন, ২০১৯ মাসের মধ্যে সম্পন্ন করবেন। সোনালী ব্যাংক রমনা কর্পোরেট শাখায় প্রধান কার্যালয়ের মেয়াদ উত্তীর্ণ ৮০,০৪০টি কার্ডের মধ্যে ৭১,৩২৯টি কার্ড ফেরত পাঠিয়েছে।<br>(২) ২০০৬ থেকে ২০১৮ সাল পর্যন্ত হিসাব রিকনসাইল সংক্রান্ত তথ্যাদিঃ<br>(ক) বিভাগীয় কার্যালয় সিলেট ও রংপুরের উপপরিচালক জানান যে, ডিসেম্বর, ২০১৭ সাল পর্যন্ত রিকনসাইল সম্পন্ন হয়েছে। ব্যাংক কোন টাকা পাবেনা।<br>(খ) বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল এর উপপরিচালকগণ জানান যে, জুন, ২০১৮ সাল পর্যন্ত নিজেদের হিসাব সম্পন্ন করেছে। কিন্তু রিকনসাইল সম্পন্ন করা হয়নি। তবে ব্যাংক কোন টাকা পাবে না মর্মে মৌখিকভাবে জানিয়েছে।<br>(গ) বিভাগীয় কার্যালয়, ঢাকার উপপরিচালক জানান যে, রিকনসাইল সংক্রান্ত সফটওয়্যারের মাধ্যমে এন্ট্রির কাজ চলছে। আগামী দু'মাসের মধ্যে এন্ট্রির কাজ সম্পন্ন করা হবে। তখন জানা যাবে ব্যাংক আসলে কত টাকা পাবে। এছাড়া ম্যানুয়েল ভাবে জুন, ২০১৮ সাল পর্যন্ত হিসাব সম্পন্ন করা হয়েছে। তাতে ব্যাংক আনুমানিক ৩-৪ কোটি টাকা পাবে। ব্যাংকের সাথে রিকনসাইল সম্পন্ন করা হয়নি। | (১) বিভাগীয় কার্যালয়ের উপপরিচালকগণ সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট কর্পোরেট শাখার সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে ২০০৬ সন থেকে ২০১৮ পর্যন্ত হিসাব রিকনসাইল কাজ জুন, ২০১৯ মাসের মধ্যে শেষ করবেন।<br>(২) প্রতি কোয়ার্টারে অনুমোদিত কার্ডের তালিকা এবং উত্তীর্ণ কার্ডের তালিকা প্রধান কার্যালয়ে পাঠাতে হবে।<br>(৩) বিভাগীয় কার্যালয়, ঢাকার রিকনসাইলের জন্য তালিকাভুক্তির কাজ ফেব্রুয়ারী, ২০১৯ মাসের মধ্যে শেষ করতে হবে। | ১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।<br><br>২। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়সমূহ। |
| ০৩। | তথ্য প্রযুক্তি সুবিধাদি (আইটি ফ্যাসিলিটিজ) ও প্রশিক্ষণ | সভায় অবহিত করা হয় যে, প্রত্যেক কর্মচারীর জন্য বছরে ৬০ ঘণ্টা আবশ্যিক প্রশিক্ষণ কার্যক্রমে কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>উপপরিচালক, সিলেট এর তৈরিকৃত মডিউল অনুযায়ী প্রধান কার্যালয়ে চলমান প্রশিক্ষণের ন্যায় বিভাগীয় কার্যালয়সমূহে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। আগামী অর্থবছর থেকে কম্পিউটারে টাইপকৃত নোট দেওয়ার জন্য দক্ষতা অর্জন করতে হবে। | (১) বোর্ডের প্রশিক্ষণ ম্যানুয়েল অনুযায়ী ৬০ ঘণ্টা আবশ্যিক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(২) কম্পিউটারে দক্ষতা অর্জনের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়ের উপপরিচালকগণ প্রধান কার্যালয়ের অনুরূপ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন এবং কম্পিউটার পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে আগামী জুলাই, ২০১৯ সালের বার্ষিক বর্ধিত বেতন মঞ্জুর করা হবে। | ১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।<br><br>২। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়সমূহ। |
| ০৪। | মাসিক কল্যাণ ভাতায় কার্ড নম্বরের শুরুতে প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের কোড নম্বর প্রদান | সভায় অবহিত করা হয় যে, প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয় হতে এক ও অভিন্ন কার্ড নম্বর দেওয়ায় কার্ডটি কোন বিভাগের তা জানা সম্ভব হচ্ছে না। যদি প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের কার্ড নম্বরের শুরুতে আলাদা জিও কোড নম্বর থাকে তাহলে কার্ড নম্বর দেখে বোঝা যাবে কার্ডটি কোন বিভাগের। | কল্যাণ ভাতা, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার নতুন সফটওয়্যার তৈরির কার্যাদেশ প্রদান করা হয়েছে। উক্ত সফটওয়্যার তৈরির সময় প্রতিটি কার্ডের শুরুতে জিও কোর্ড অনুযায়ী প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের জন্য আলাদা কোড নম্বর প্রদান করা | ১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।<br>২। প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারগণ। |

Scanned by CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | হবে। | |
| ০৫। | মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে স্বাস্থ্যবিষয়ক কোর্স চালু এবং পর্যায়ক্রমে সকল বিভাগে চালু করা। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কারিগরি প্রশিক্ষণের অংশ হিসেবে স্বাস্থ্যবিষয়ক কোর্স সকল বিভাগে ক্রমান্বয়ে চালুর ব্যবস্থা করতে হবে। এ লক্ষ্যে কোর্স কারিকুলাম ও খন্ডকালীন শিক্ষক নির্বাচনের জন্য গত ১৭/১২/২০১৮ খ্রি. তারিখে সরকারি কর্মচারী হাসপাতাল, সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক ও সিভিল সার্জন, আজিমপুর, ঢাকা-কে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রের প্রেক্ষিতে সরকারি কর্মচারী হাসপাতাল হতে কোর্স কারিকুলাম পাওয়া যায়। খুব দ্রুত স্বাস্থ্য বিষয়ক কোর্স চালু করা সম্ভব হবে। | জুন, ২০১৯ হতে স্বাস্থ্য বিষয়ক কোর্স চালু করতে হবে। | ১। পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়। |
| ০৬। | সাধারণ চিকিৎসা অনুদান ও ব্যাংক রিকনসাইলসংক্রান্ত সফটওয়্যারের বাস্তবায়ন অগ্রগতি | সাধারণ চিকিৎসা অনুদান ও ব্যাংক রিকনসাইলসংক্রান্ত সফটওয়্যারটি ইতোমধ্যে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগীয় কার্যালয়ে স্থাপন করা হয়েছে। আগামী জানুয়ারি, ২০১৯ মাসের মধ্যে বাকী সব বিভাগেই সফটওয়্যারটি স্থাপন করার কাজ শেষ হবে মর্মে জানানো হয়। | জানুয়ারি, ২০১৯ মাসের মধ্যে সব বিভাগীয় কার্যালয়ে সাধারণ চিকিৎসা অনুদান ও ব্যাংক রিকনসাইলসংক্রান্ত সফটওয়্যার স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে। | ১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।<br>২। প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারগণ। |
| ০৭। | কল্যাণ ভাতা, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টি ক্রিয়ার আবেদনে কাগজপত্র কমানো | সেবা সহজীকরণের জন্য প্রধান কার্যালয়ের প্রোগ্রামার জনাব আছফিয়া মেহবুবা, হিসাবরক্ষণ কর্মকর্তা (রাজস্ব) জনাব মোঃ মনিরুজ্জামান ও হিসাবরক্ষক জনাব খান মেজবাউল আলম-কে সদস্য করে ৩ সদস্যবিশিষ্ট কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। কমিটি কর্তৃক কল্যাণ ভাতা প্রদানের ক্ষেত্রে ১৫টির স্থলে ০৬টি, যৌথবীমা প্রদানের ক্ষেত্রে ১০টির স্থলে ০৫টি এবং দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া প্রদানের জন্য ০৭টির স্থলে ০৪টি কাগজপত্র আবেদনের সহিত গ্রহণের সুপারিশ করা হয়। | কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রস্তাব অনুযায়ী উক্ত ফরম ওয়েব সাইটে দেয়া যেতে পারে এবং পরবর্তী বোর্ড সভায় ভুতাপেক্ষ অনুমোদন করা যেতে হবে। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়। |
| ০৮। | বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রের ট্রেড কোর্সের সিলেবাস ও পরীক্ষা অভিন্নকরণ। | মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের বিভিন্ন ট্রেড কোর্সের মানসম্মত সিলেবাস ও অভিন্ন পরীক্ষা পদ্ধতি চালুর জন্য গবেষণা কর্মকর্তাকে রিপোর্ট করার দায়িত্ব দেওয়া হয়েছিল। সঠিক সময়ে রিপোর্ট পুরোপুরি শেষ করতে না পারায় অতিরিক্ত আরও ১৫ দিন সময় বাড়ানোর সিদ্ধান্ত হয়। | আগামী ১৫ কর্মদিবসের মধ্যে পুরোপুরি রিপোর্ট পেশ করতে হবে। | গবেষণা কর্মকর্তা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়। |
| ০৯। | ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে অতিরিক্ত বরাদ্দের বিষয়ে পর্যালোচনা | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেট প্রণয়ন করা হয়েছে। যথাসময়ে তা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের উপপরিচালকগণ অতিরিক্ত বরাদ্দ চেয়েছেন। | বিভিন্ন ক্যাটাগরিতে চাহিত অতিরিক্ত বরাদ্দের জন্য পর্যালোচনা করে আনুপাতিক হারে বাজেটের বরাদ্দ প্রদান করা হবে। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়। |
| ১০। | বিভাগীয় কার্যালয়ের কল্যাণ ভাতার অনুদান সম্পর্কিত পর্যালোচনা | পরিচালক (প্রশাসন) সভাকে জানান যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ১৪তম সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী কল্যাণ ভাতার অনুদান গ্রহণকালীন সময়ে ঠিকানা বদলীজনিত কারণে বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের মাধ্যমে আবেদন করতে হবে। যে বিভাগ হতে নথিটি নিষ্পত্তি করা | ঠিকানা পরিবর্তের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় অফিসের মাধ্যমে নিষ্পত্তি করা হবে। শুধুমাত্র প্রধান কার্যালয়কে অনুলিপি দিতে হবে। | ১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।<br>২। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, |

Scanned by CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে সে বিভাগে সংশ্লিষ্ট আবেদনকারীর সকল তথ্য সংরক্ষিত থাকে। কিন্তু, ঠিকানা পরিবর্তনের জন্য যদি প্রধান কার্যালয়ে আবেদন করে তাহলে তা নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র বিভাগীয় কার্যালয় হতে প্রধান কার্যালয়ে ফেরত আনতে হবে এবং এতে নথিটি হারিয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। | | বিভাগীয় কার্যালয়সমূহ। |
| ১১। | বিবিধ | রাজশাহী ও চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ে সিটিজেন চার্টার নেই। | হালনাগাদ সিটিজেন চার্টার দ্রুত স্থাপনের সিদ্ধান্ত হয়। | উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয় রাজশাহী ও চট্টগ্রাম। |

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সত্যব্রত সাহা
মহাপরিচালক (ভারপ্রাপ্ত সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

নথি নং: ০৫.৮১.০০০০.০০২.০১.০১৫.৯২ (খন্ড-১)- ৩৪

তারিখ: ০৮।০২।২০২১

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ:

০১। পরিচালক (প্রশাসন)/(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। উপপরিচালক, (প্রশাসন)/(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
০৬। সহকারী পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (কর্মসূচি), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮। হিসাবরক্ষণ অফিসার, কল্যাণ তহবিল/যৌথবীমা তহবিল/বোর্ড তহবিল (রাজস্ব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবহিতকরণের জন্য)।
১০। অফিস কপি।

(মোঃ আবু রায়হান মিঞা)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ৯৩৩০৮০৫
ই-মেইল: ddadmin@bkkb.gov.bd

Scanned by CamScanner